



`Gender and Migration in the US: The Case of Buffalo, New York` শীর্ষক সেমিনার



২৩ মে ২০২৪-বৃহস্পতিবার নৃবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে `Gender and Migration in the US: The Case of Buffalo, New York` শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির আসন অলংকৃত করেন উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং State University of New York, Buffalo এর Affiliate Research Professor ড. জহির আহমেদ।

নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাবিবা সুলতানার সভাপতিত্বে সেমিনারে আলোচক হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাওলী মাহবুব।

এছাড়াও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম এবং ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিমসহ সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ সেমিনারে অংশগ্রহণ করেন।